

যায়যায়দিন

তারিখ -- 1-9 DEC 2006 ...
পৃষ্ঠা ২০ কলাম ৬...

প্যাভালে অগ্নিসংযোগ করেছে ছাত্রলীগ ঢাবিতে রবিবার সমাবর্তন

ইউনিভার্সিটি রিপোর্টার

ঢাকা: ইউনিভার্সিটির ৪৩তম সমাবর্তন আগামী ২৪ ডিসেম্বর রবিবার ইউনিভার্সিটির জমিনেশিয়াম মাঠে অনুষ্ঠিত হবে। স্বাধীনতা উত্তর বাংলাদেশে এটি হবে ঢাকা ইউনিভার্সিটির তৃতীয় সমাবর্তন। সমাবর্তন সফল করার লক্ষ্যে ইউনিভার্সিটি কর্তৃপক্ষ ব্যাপক প্রস্তুতি নিচ্ছে। সমাবর্তনকে ঘিরে ইউনিভার্সিটির শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে দেখা যাচ্ছে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা।

এদিকে ছাত্রলীগ সমাবর্তন পণ্ড করার লক্ষ্যে গতকাল সোমবার সন্ধ্যায় জমিনেশিয়াম মাঠে নির্মাণাধীন প্যাভালে অগ্নিসংযোগ করেছে। এ সময় তারা সেখানে ব্যাপক ভাংচুর চালায়। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ছাত্রলীগ যে কোনো মূল্যে সমাবর্তন প্রতিহত করবে বলে ঘোষণা দিয়েছে। সমাবর্তনে সভাপতিত্ব করবেন প্রেসিডেন্ট ও তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা এবং ইউনিভার্সিটির চ্যান্সেলর প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ।

শান্তিতে নোবেল বিজয়ী প্রফেসর ড. মুহাম্মদ ইউনুসকে সমাবর্তন অনুষ্ঠানে সম্মানসূচক ডক্টর অফ ল প্রদান করা হবে। তিনি এখানে বক্তা হিসেবেও উপস্থিত থাকবেন।